# বার্ষিক সেবা সহজিকরণের ডকুমেন্টেশন প্রকাশনা

(২০২০-২০২১)

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সূচিপত্র


| **ক্রমিক নং** | **মন্ত্রণালয় ও দপ্তর/ সংস্থার নাম** | **পৃষ্ঠা নম্বর** |
|---|---|---|
| ১ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ৩ |
| ২ | বাংলাদেশ তাঁত বোর্ড | ৪ |
| ৩ | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ৫ |
| ৪ | বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন (বিটিএমসি) | ৬ |
| ৫ | পাট অধিদপ্তর | ৭ |
| ৬ | বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি) | ৮ |
| ৭ | বস্ত্র অধিদপ্তর | ৯ |
| ৮ | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) | ১০ |

# বস্ত্র ও পাট মন্ত্রণালয়

| ক্র: নং | সেবার নাম | সেবা-পদ্ধতি সহজিকরণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের অনলাইনে বাসা বরাদ্দের আবেদনের প্রক্রিয়া সহজিকরণ। | বাংলাদেশ বরাদ্দ বিধিমালা অনুসারে সরকারি আবাসন বরাদ্দ প্রদান করা হয়। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মচারিগণ উক্ত বাসা বরাদ্দের জন্য বর্তমানে নির্দিষ্ট আবেদন ফরমে হার্ড কপিতে আবেদন করে থাকেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে মন্ত্রণালয়ের প্রশাসন শাখা হতে আবেদনসমূহ গ্রহণ করা হয়। পরবর্তীতে আবেদনসমূহ যাচাই বাছাই সম্পন্ন করা হয় এবং তা সুপারিশসহ সরকারি আবাসন পরিদপ্তরে প্রেরণ করা হয়। এই প্রক্রিয়াকে সহজিকরণের লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে অনলাইনে বাসা বরাদ্দের আবেদন বিষয়ক ডিজিটাল সেবা তৈরি করা হচ্ছে। উক্ত ডিজিটাল সেবাটি ব্যবহার করে কর্মচারিগণ খুব সহজেই বাসা বরাদ্দের আবেদন অনলাইনেই সম্পন্ন করতে পারবেন। এতে সময় এবং খরচের সাশ্রয় হচ্ছে। ডিজিটাল সার্ভিসটি ব্যবহার করে সেবাগ্রহীতাগণ বিশেষভাবে উপকৃত হবেন। **সফটওয়্যার চূড়ান্তকরণের কাজ চলমান রয়েছে।** |

# বাংলাদেশ তাঁত বোর্ড

| ক্র: নং | প্রদেয় সেবার তালিকা | সেবা-পদ্ধতি সহজিকরণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | তাঁতিদের সেবা প্রাপ্তি সহজিকরণের নিমিত্ত **'তাঁতি কার্ড'** চালুকরণ। | প্রকৃত তাঁতিদের সহজেই চিহ্নিত/ সনাক্ত করা এবং তাদের চাহিদা মোতাবেক বিভিন্ন ধরনের সরকারি সহায়তা, অনুদান ও প্রনোদনা ইত্যাদি প্রদান সহজতর করার নিমিত্ত **'তাঁতি কার্ড'** প্রদানের জন্য প্রকৃত তাঁতিদের ডাটাবেজ তৈরির কাজ চলমান রয়েছে। | -- |
| ২ | বাতাঁবোর কর্মকর্তা/ কর্মচারীদের গোষ্ঠী বীমা সংক্রান্ত আর্থিক সুবিধা প্রাপ্তির আবেদন অনলাইনে দাখিলকরণ। | বাতাঁবোর কর্মকর্তা/কর্মচারীদের গোষ্ঠী বীমা সংক্রান্ত আর্থিক সুবিধা প্রাপ্তির আবেদন অনলাইনে দাখিলকরণের নিমিত্ত আবেদন ফর্ম চূড়ান্তকরণের কাজ চলমান রয়েছে। | |

# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

| ক্র. নং | প্রদেয় সেবার তালিকা | সেবা পদ্ধতি সহজিকরণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | রাজশাহী রেশম কারখানার পণ্য ম্যানেজমেন্ট সেবা সহজিকরণ | রাজশাহী রেশম কারখানার পণ্য ম্যানেজমেন্ট সেবাটি ইতিমধ্যেই শতকরা ৯০ ভাগ বাস্তবায়ন করা হয়েছে। **সেবাটির মাধ্যমে** কারখানায় উৎপাদিত পণ্য অনলাইনে ক্রয়ের সুযোগ তৈরি হয়েছে যা www.silkbsdb.com **নামে রয়েছে। বোর্ডের এ উদ্যোগটি পাইলটিং করা হয়েছে। আশা করা যাচ্ছে আগামী জানুয়ারি মাসেই এর চুড়ান্ত বাস্তবায়ন সম্ভব হবে।** |
| ২. | অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের ১৮ মাসের অভোগ্য অর্জিত ছুটি নগদায়ন (লামগ্রান্ড) অর্থ এবং গ্রাচ্যুইটির অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যাংক হিসাবে সরাসরি পরিশোধের সেবা সহজিকরণ | অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের ১৮ মাসের অভোগ্য অর্জিত ছুটি নগদায়ন(লামগ্রান্ড) অর্থ এবং গ্রাচ্যুইটির অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যাংক হিসাবে সরাসরি পরিশোধের সেবা সহজিকরণ উদ্যোগটির ইতিমধ্যেই শতকরা ৮০ ভাগ বাস্তবায়ন করা হয়েছে। সেবাটির মাধ্যমে এ পর্যন্ত প্রায় ১২ জন কর্মকর্তা/কর্মচারীকে তার নিজস্ব ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ সম্ভব হয়েছে। বোর্ডের এ উদ্যোগটির পাইলটিং করা হয়েছে। |
| ৩. | সেরিকালচার বর্ষপঞ্জিকা | সিডিউল অনুযায়ী রেশম চাষিদের রেশম চাষ অধিকতর সহজ করার লক্ষ্যে পঞ্জিকায় তুঁতচারা রোপণ, তুঁতগাছ প্রুনিং, পলুপালন ও বিশোধন সিডিউলসহ রেশম চাষ সম্পর্কিত যাবতীয় কার্যাবলী ছবি ও তথ্যসহ পঞ্জিকায় প্রদর্শন করা সংক্রান্ত সেবাটি চলতি অর্থ বছরে বাস্তবায়ন সম্ভব হবে। এখন পর্যন্ত এ সেবাটির কার্যক্রম চলমান রয়েছে। |

# বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন ( বিটিএমসি)

| ক্রঃ নং | সেবা সহজিকরনের নাম | সেবা সহজিকরনের সংক্ষিপ্ত বিবরন | সেবা সহজিকরনের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | বিটিএমসি'র পরীক্ষাগারে কাঁচাতুলা ও সুতা পরীক্ষার ফলাফল অনলাইনে প্রদান | বিটিএমসি'র পরীক্ষাগারে কাঁচাতুলা ও সুতা পরীক্ষার ফলাফল সেবা গ্রহণকারীদের অনলাইনে প্রদান। | গতানুগতিক পদ্ধতির চেয়ে অনলাইন পদ্ধতি করায় সেবা গ্রহীতাগন স্বল্প সময় এবং সাশ্রয়ী ব্যয়ে সেবা পাচ্ছে। **(বাস্তবায়িত)** |
| ০২ | অন-লাইনে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি ও অবসর গ্রহনকৃত কর্মকর্তা/ কর্মচারীদের ছাড়পত্র আদান -প্রদান। | নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি দ্রুতায়ন ও অবসরগ্রহনকৃত কর্মকর্তা/কর্মচারীদের চূড়ান্ত পাওনা পরিশোধের সহজীকরণের জন্য আপত্তির জবাব/ ছাড়পত্র অনলাইনে আদান- প্রদান। | আপত্তি নিষ্পত্তি দ্রুতায়ন ও অবসর গ্রহনকারী কর্মকর্তা/কর্মচারীদের চূড়ান্ত পাওনা পরিশোধ ব্যবস্থা সহজে ও স্বল্পসময়ে হচ্ছে। **(বাস্তবায়িত)** |
| ০৩ | বিটিএমসি'র প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা Online System এ প্রত্যেকের স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রেরণ সংক্রান্ত। | বিটিএমসি'র প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা Online System এ প্রত্যেকের স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রেরণ করা। সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীদেরকে এসএমএস (খুদে বার্তা) এর মাধ্যমে বেতন-ভাতাদি জমার বিষয়টি নিশ্চিত করা | প্রস্তাবিত সেবায় কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা Online System এ ব্যাংকের মাধ্যমে পরিশোধ করায় ভাউচার ও চেকের পরিমান কমে যাচ্ছে। যাতে খরচ হ্রাস পাচ্ছে। পাশাপাশি পোস্টিংএ কম সময় লাগায় শ্রম ব্যয়ও হ্রাস পাচ্ছে। **(বাস্তবায়িত)** |
| ০৪ | বিটিএমসি'র প্রধান কার্যালয়ের বিভিন্ন নোটিশ,অফিস আদেশ,নির্দেশ ইত্যাদি এসএমএস (খুদে বার্তা) এর মাধ্যমে প্রেরণ সংক্রান্ত। | বিটিএমসি'র প্রধান কার্যালয়ের বিভিন্ন নোটিশ,অফিস আদেশ,নির্দেশ ইত্যাদি এসএমএস (খুদে বার্তা) এর মাধ্যমে দ্রুত সকলকে অবহিত করা। | উদ্যোগটি বাস্তবায়নের ফলে বিভিন্ন নোটিশ,অফিস আদেশ,নির্দেশ ইত্যাদি এসএমএস (খুদে বার্তা) এর মাধ্যমে দ্রুত সকলকে অবহিত করা যাচ্ছে। **(বাস্তবায়িত)** |
| ০৫ | বিটিএমসি প্রধান কার্যালয় ও মিলসমূহের অবসরগ্রহনকারী কর্মকর্তা/কর্মচারীকে চূড়ান্ত দেনা-পাওনার বিষয়টি SMS (খুদে বার্তা) এর মাধ্যমে অবহিতকরণ এবং জারীকৃত আদেশটি e-mail এ প্রেরণ। | বিটিএমসি প্রধান কার্যালয় ও মিলসমূহের কর্মকর্তা/কর্মচারীদের অবসর পরবর্তী চূড়ান্ত দেনা-পাওনার অফিস আদেশ জারী করা হয়। জারীকৃত অফিস আদেশের বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগকে SMS (খুদে বার্তা) এর মাধ্যমে অবহিত করা হয় এবং আদেশের একটি কপি e-mail এর মাধ্যমে প্রেরণ করা হয়। | প্রস্তাবিত সেবায় কর্মকর্তা/কর্মচারীদের অবসর পরবর্তী চূড়ান্ত দেনা-পাওনার অফিস আদেশ জারীকরণের বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে SMS (খুদে বার্তা) এর মাধ্যমে স্বল্প সময় ও সহজে অবহিত করা হচ্ছে, যা শ্রম, ব্যয় ও সময় হ্রাস করছে। জারীকৃত অদেশটি e-mail এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে, যার ফলে সেবাগ্রহনকারী অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের শ্রম, ব্যয় এবং সময় হ্রাস পাচ্ছে। **(বাস্তবায়িত)** |

# পাট অধিদপ্তর

**(ক) নাগরিক সেবা:**

| ক্র:নং | প্রদেয় সেবার তালিকা | সেবা-পদ্ধতি সহজীকরণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১. | **পাটজাত পণ্য প্রস্তুতকারক লাইসেন্স ইস্যু ও নবায়ন** | পাট ব্যবসায়ের বিভিন্ন ক্যাটাগরির লাইসেন্স প্রক্রিয়া সহজতর করার লক্ষ্যে ‘অনলাইন লাইসেন্সিং সিস্টেম’ প্রবর্তন ও চালুকরণ করা হয়েছে। পাট অধিদপ্তরের ওয়েবসাইট (www.dgjute.gov.bd) অথবা অনলাইনের মাধ্যমে আবেদনের জন্য www.julice.info তে সরাসরি আবেদন করা যায়। ‘অনলাইন লাইসেন্সিং সিস্টেম’ বর্তমানে শুধুমাত্র পাট অধিদপ্তরের প্রধান কার্যালয়ে চালু রয়েছে। পর্যায়ক্রমে মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে ‘অনলাইন লাইসেন্সিং সিস্টেম’ চালু করা হবে। |
| ০২. | **পাটজাতপণ্য রপ্তানিকারক লাইসেন্স ইস্যু ও নবায়ন** | |
| ০৩. | **কাঁচা পাট রপ্তানি কারক লাইসেন্স ইস্যু ও নবায়ন** | |
| ০৪. | **পাক্কা বেলার লাইসেন্স ইস্যু ও নবায়ন** | সেবা সহজীকরণের নিমিত্ত পর্যায়ক্রমে পাট অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের সকল ক্যাটাগরীর লাইসেন্স প্রদান প্রক্রিয়াকে অনলাইন লাইসেন্সিং সিস্টেম এর আওতায় আনতে কার্যক্রম চলমান রয়েছে। |
| ০৫. | **এক্সপোর্ট ব্রোকার লাইসেন্স ইস্যু ও নবায়ন** | |
| ০৬. | **ইন্টারন্যাল ব্রোকার লাইসেন্স ইস্যু ও নবায়ন** | |
| ০৭. | **প্রেস মালিক (পাক্কা প্রেস)লাইসেন্স ইস্যু ও নবায়ন** | |
| ০৮. | **পাটের ডিলার লাইসেন্স ইস্যু ও নবায়ন** | |
| ০৯. | **আড়তদার লাইসেন্স ইস্যু ও নবায়ন** | |
| ১০. | **পাটজাত পণ্যের ডিলার লাইসেন্স ইস্যু ও নবায়ন** | |
| ১১. | **কাঁচা বেলার লাইসেন্স ইস্যু ও নবায়ন** | |
| ১২. | **প্রেস মালিক (কাঁচা প্রেস) লাইসেন্স ইস্যু ও নবায়ন** | |
| ১৩. | **পাটজাত পণ্যের মান পরিদর্শন** | সেবা-পদ্ধতি সহজীকরণ প্রক্রিয়া চলমান |
| ১৪. | **পাটজাত পণ্যের মান পরীক্ষণ** | |

**(খ) অভ্যন্তরীণ সেবা:**

| ক্র:নং | প্রদেয় সেবার তালিকা | সেবা-পদ্ধতি সহজীকরণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১. | পেনশন মঞ্জুরী | সেবা-পদ্ধতি সহজীকরণ প্রক্রিয়া চলমান |
| ০২. | কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণ/ অগ্রিম মঞ্জুর | |
| ০৩. | পদোন্নতি প্রদান | |
| ০৪. | সিলেকশন গ্রেড/টাইম স্কেল (উচ্চতর স্কেল) মঞ্জুর | |
| ০৫. | শ্রান্তি বিনোদন ভাতাসহ অর্জিত ছুটি মঞ্জুর | |
| ০৬. | মাঠ পর্যায়ের মুখ্য পরিদর্শক কার্যালয়ের মুখ্য পরিদর্শকদের ডিডিওশিপ প্রদান | মাঠ পর্যায়ের মুখ্য পরিদর্শক কার্যালয়ের মুখ্য পরিদর্শকদের ডিডিওশিপ প্রদান কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। |
| ০৭. | কর্মকর্তা/কর্মচারীদের পিডিএস তৈরী | পাট অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ডাটাবেইজ (PDS) তৈরিকরণ সম্পন্ন হয়েছে । |
| ০৮. | সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুর ও চূড়ান্ত উত্তোলন | সেবা-পদ্ধতি সহজীকরণ প্রক্রিয়া চলমান |
| ০৯. | অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ) | |
| ১০. | মাতৃত্বকালীন ছুটি | |
| ১১. | চাকুরি স্থায়ীকরণ | |
| ১২. | ভ্রমণ ব্যয় বিল অনুমোদন | |
| ১৩. | মাঠ পর্যায়ের অফিস ভাড়া চুক্তিপত্র সম্পাদন | |

# বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি )

| ক্রমিক নং | প্রদেয় সেবার তালিকা | সেবা পদ্ধতি সহজিকরণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | |
| ১. | ভেহিক্যাল ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম | বিজেএমসি'র প্রধান কার্যালয়ের অধীন ৩৪টি ছোট গাড়ী রয়েছে। প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাদের গাড়ীসহ সকল গাড়ীর মেরামত, টায়ার, ব্যাটারি পরিবর্তন করা হয়ে থাকে। এ সকল তথ্য জরুরি ভিত্তিতে গাড়ী মেরামতের সময় প্রয়োজন হয়। এছাড়া কর্মকর্তা-কর্মচারিদের বন্ধের দিনসহ অন্যান্য সময়ে অফিসিয়াল/ব্যক্তিগত কাজে গাড়ী রিকুইজিশন করতে হয়। রিকুইজিশনটি অনুমোদন সাপেক্ষে রিকুইজিশনকারীর অনুকূলে পরিবহন শাখা হতে ব্যবহারের জন্য গাড়ী বরাদ্দ দেয়া হয়। উল্লিখিত বিষয়ে অনলাইন এ্যাপ্লিকেশন সফটওয়ার তৈরি করা হলে কর্তৃপক্ষ একদিকে যেমন গাড়ীর তথ্য দ্রুত জানতে পারবে অন্যদিকে গাড়ী রিকুইজিশনকারীর অনুমোদনের প্রক্রিয়ায় সময় ব্যয় হবে না। সফটওয়ারটির মাধ্যমে যার গাড়ী প্রয়োজন হবে সে রিকুইজিশন ফরমটি পূরণ করে সাবমিট করবে এবং অনুমোদনকারী অনুমোদন করলে ফরমটি পরিবহন শাখায় আসবে। পরিবহন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গাড়ী থাকা সাপেক্ষে গাড়ী বরাদ্দ দিবে। গাড়ী বরাদ্দ হওয়ার সাথে সাথে ড্রাইভার ও রিকুইজিশনকারীর নিকট এসএমএস যাবে। **সফটওয়্যার প্রস্তুতের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।** |
| ২. | ই-একাউন্টিং সিস্টেম | বিজেএমসি'র নিয়ন্ত্রিত ২৫টি মিলের চলতি হিসাব ও প্রধান কার্যালয়ের হিসাব সংক্রান্ত কাজ বিশাল আকারের। উল্লিখিত কাজগুলো বর্তমানে পুরাতন মডিফাইড সফটওয়্যারে এন্ট্রি করা হয়ে থাকে এবং একই সংগে ই-মেইলেও চিঠি আদান-প্রদানের মাধ্যমে করা হয়ে থাকে। এতে তথ্য সংক্রান্ত কার্যক্রমে যেমন ভুল হওয়ার সম্ভাবনা থাকে এবং সময়ও বেশি লাগে। পুরাতন সফটওয়্যারে নতুন করে কোন মডিফিকেশন করা না যাওয়ায় কর্মকর্তা-কর্মচারিদের বেতন ভাতা, জেনারেল লেজার, ভবিষ্যৎ তহবিল ইত্যাদি সংক্রান্ত কাজের জন্য অতিরিক্ত সময় ব্যয় করতে হয়। ভবিষ্যৎ তহবিলের তথ্যের হিসাব এবং এর লভ্যাংশ বন্টনেও সমস্যা পরিদৃষ্ট হয়। বিল ভাউচার সংক্রান্ত তথ্য এন্ট্রির জন্য ১টি মাত্র ডেস্কের কাজের উপর নির্ভরশীল থাকতে হয়, গতিশীলতা আসে না।<br><br>এমতাবস্থায়, একাউন্টিং সফটওয়ার ব্যবহার করা হলে উল্লিখিত সমস্যাগুলো থেকে উত্তরণ সম্ভব হবে। ফলে কম সময়ে তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দেয়া এবং প্রতিবেদন প্রস্তুত করা সম্ভবপর হবে। **সফটওয়্যারের ৩টি মডুলের মধ্যে ২টি সম্পন্ন হয়েছে।** |

# বস্ত্র অধিদপ্তর

| ক্র: নং | প্রদেয় সেবার তালিকা | সেবা-পদ্ধতি সহজিকরণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম | ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সেবা সহজীকরনের লক্ষ্যে ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়েছে যা বাস্তবায়িত | -- |
| ২ | ওয়ানস্টপ সার্ভিসের সহজীকৃত প্রসেসম্যাপ | ওয়ানস্টপ সার্ভিস সেন্টারের সেবা সহজীকরনের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারি | |

# জেডিপিসি

| ক্রমিক নং | প্রদেয় সেবার তালিকা | সেবা-পদ্ধতি সহজিকরণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | ০২ | ০৩ |
| ০১ | করোনাকালীনসময়েহাতে-কলমেপ্রশিক্ষণএরবিকল্পহিসেবেপণ্যতৈরীরভিডিওপ্রচার | বহুমুখীপাটপণ্যউদ্যোক্তাতৈরিরলক্ষ্যেজেডিপিসিনিয়মিতভাবেপ্রশিক্ষণের ব্যবস্থাকরেথাকে।উক্তপ্রশিক্ষণসমূহেউদ্যোক্তাদেরহাতে-কলমেবহুমুখীপাটপণ্যতৈরিরপ্রশিক্ষণদেওয়াহয়।বর্তমানকরোনাকালীনপরিস্থিতিতেতাঅনেকাংশেব্যহতহচ্ছে। এ কারনেহাতে-কলমেপ্রশিক্ষণএরবিকল্পহিসেবেসেবাসহজিকরণেরনিমিত্তেগৃহীতপদক্ষেপটি (বহুমুখীপাটপণ্যতৈরিরভিডিওঅনলাইনেপ্রচার) অত্যন্তসময়োপযোগী। বর্তমানেউক্তপ্রশিক্ষণটিরভিডিওগ্রাফিসম্পন্নহয়েছেএবংভিডিওএডিটিংএর কাজচলছে।<br>এডিটিংসম্পন্নহলেতাশীঘ্রইঅনলাইনেপ্রচারেরব্যবস্থানেওয়াহবে। |



বস্ত্র ও পাট মন্ত্রণালয়